



তথ্যবিবরণী

নম্বর- ২৯৫

হযরত শাহ্ মখদুম কেন্দ্রীয় ঈদগাহে পবিত্র ঈদ-উল-আযহার প্রধান জামাত অনুষ্ঠিত

রাজশাহী; ০৩ আষাঢ় (১৭ জুন):

আজ ১০ জিলহজ ১৪৪৫ হিজরি, যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশে উদ্‌যাপিত হয় মুসলমানদের বড় ধর্মীয় উৎসব পবিত্র ঈদ-উল-আযহা। এই দিন পবিত্র ঈদ-উল আযহার নামাজের পর ধর্মপ্রাণ মুসলমানগণ মহান আল্লাহকে খুশি করার উদ্দেশ্যে পশু কুরবানি করেন।

দিনটি উপলক্ষ্যে প্রতিবারের মতো রাজশাহী মহানগরীর হযরত শাহ্ মখদুম কেন্দ্রীয় ঈদগাহে পবিত্র ঈদ-উল-আযহার নামাজের প্রধান জামাত অনুষ্ঠিত হয়। সোমবার সকাল সাড়ে সাতটায় অনুষ্ঠিত পবিত্র ঈদ-উল-আযহার জামাতে ইমামতি করেন নগরীর হেতেমখাঁ বড় মসজিদের পেশ ইমাম মুফতি ওমর ফারুক।

রাজশাহী সিটি করপোরেশনের (রাসিক) মেয়র এ.এইচ.এম. খায়রুজ্জামান লিটন, আজ সকাল ৭ টায় মহানগরীর কাদিরগঞ্জে হাজী লাল মোহাম্মাদ ঈদগাহ ময়দানে পবিত্র ঈদুল আযহার নামাজ আদায় করেন। এরপর ঈদের জামাত শেষে আগত মুসল্লিদের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন রাসিক মেয়র।

অন্যদিকে বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর ও জেলা প্রশাসক শামীম আহমেদসহ দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত অসংখ্য ধর্মপ্রাণ মুসল্লি নগরীর শাহ্ মখদুম কেন্দ্রীয় ঈদগাহে জামাতে অংশগ্রহণ করেন।

নামাজ শেষে দেশ ও জাতির কল্যাণ, শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।

.....  
তৌহিদ/আতিক/রুহুল/২০২৪/১১.০০ঘ.